

যঈফ ও জাল হাদিস

হাদিস নম্বরঃ ১৮৭৩

১/ বিবিধ

আরবী

أحسنوا إذا وليتم واعفوا عما ملكتم
موضوع

رواه القضاعي (1 / 60) والديلمي (1 / 1 / 25) عن إسماعيل بن يحيى قال: أخبرنا
مسعر عن عطية عن أبي سعيد مرفوعا

قلت: وهذا إسناد موضوع آفته إسماعيل بن يحيى، وهو كذاب وضاع، وعطية وهو
العوفي ضعيف مدلس. والحديث عزاه السيوطي للخرائطي في "مكارم الأخلاق" عن
أبي سعيد، وقال المناوي: "وكذا رواه الديلمي وغيره، وفيه ضعف". كذا قال، ولست
أدري إذا كان عند الخرائطي من غير طريق إسماعيل هذا، أو هو لم يتنبه له

বাংলা

১৮৭৩। তোমাদের উপর যদি দায়িত্ব অর্পণ করা হয় তাহলে (অধীনস্থদের সাথে) তোমরা ভাল আচরণ করো আর
তোমরা যাদের অধিকারী হয়েছ (তারা ত্রুটি করলে) তাদেরকে ক্ষমা করো।

হাদীসটি বানোয়াট।

এটিকে কাযাঈ (১/৬০) ও দাইলামী (১/১/২৫) ইসমাঈল ইবনু ইয়াহইয়া হতে, তিনি মিসআর হতে, তিনি
আতিয়াহ হতে, তিনি আবু সাঈদ (রাঃ) হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি বানোয়াট। এর সমস্যা হচ্ছে ইসমাঈল ইবনু ইয়াহইয়া। তিনি মিথ্যুক,

জলকারী। আর আতিয়াহ হচ্ছেন আওফী, দুর্বল ও মুদাল্লিস বর্ণনাকারী।

সুযুতী হাদিসটিকে রাখায়েতীর "মাকারিমুল আখলাক" গ্রন্থের উদ্ধৃতিতে আবু সাঈদ (রাঃ) হতে বর্ণনা করেছেন। মানবী বলেনঃ দাইলামী প্রমুখ বর্ণনা করেছেন, এর মধ্যে দুর্বলতা রয়েছে।

জানি না খারাইতির নিকট ইসমাঈল ছাড়া অন্য কোন সূত্র রয়েছে নাকি তিনি তার ব্যাপারে অবগত হননি।

অনুবাদকঃ খারাইতির সনদেও ইসমাঈল ইবনু ইয়াহইয়া এবং আতিয়াহ আওফী উভয়েই রয়েছেন। অতএব হাদীসটি শুধুমাত্র দুর্বল নয় বরং বানোয়াট।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72756>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন